মুজিবনগরে বিলুপ্তপ্রায় দেশজ মাছের উৎপাদন বৃদ্ধি ও সংরক্ষণের সক্ষমতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ শেষে সনদ বিতরণ

মুজিবনগরে নদ, নদী,খাল বিল,পুকুর থেকে বিলুপ্তপ্রায় দেশজ মাছ – কৈ, শিং, মাগুর, গুলসা, পাবদা, টেংরা ইত্যাদি মাছের উৎপাদন বৃদ্ধি ও সংরক্ষণের সক্ষমতা বৃদ্ধি বিষয়ে উপজেলার মৎস্য চাষী ও খামারীদের ৪ দিন ব্যাপি প্রশিক্ষণ সনদ বিতরণ করা হয়েছে।

গত সোমবার থেকে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, স্থানীয় সরকার বিভাগ ও জাইকা এবং মুজিবনগর উপজেলা পরিষদের আয়োজনে মুজিবনগর উপজেলা অডিটরিয়ামে ৪ দিন ব্যাপি এই প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

সনদ বিতরণ অনুষ্ঠানে মুজিবনগর উপজেলা নির্বাহি অফিসার সুজন সরকারের সভাপতিত্বে, প্রধান অতিথি হিসাবে উপস্হিত থেকে সনদ বিতরণ করেন মুজিবনগর উপজেলা চেয়ারম্যান জিয়াউদ্দিন বিশ্বাস, এ সময় উপস্থিত ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা, মহিলা ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন।

গত ৪ দিন উপজেলার মৎস্য চাষী ও খামারিদের প্রশিক্ষণ প্রদান করেন উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প স্থানীয় সরকার বিভাগের ইউ ডি এফ নুরুল ইসলাম, মুজিবনগর উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা শহিদুল ইসলাম, উপজেলা মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা (এনএটিপি-২) নাজমুস সাকিব,ক্ষেত্র সহকারী আহসান হাবিব। ৪ দিন দিনব্যাপী এই প্রশিক্ষণে উপজেলার ৩০ জন মৎস্য চাষী ও খামারি অংশগ্রহণ করেন।

গাংনীর তেঁতুলবাড়িয়া ইউনিয়নে

নৌকার অফিসে আগুন দিয়েছে দুর্বৃত্তরা

মেহেরপুরের গাংনী উপজেলার ২নং তেঁতুলবাড়িয়া ইউনিয়নে নৌকা মনোনীত চেয়ারম্যান পদ প্রার্থী আল মামুনের নির্বাচনী (অস্থায়ী) অফিসে অগ্নী সংযোগের ঘটনা ঘটেছে। এঘটনায় নির্বাচনী পোস্টার,ব্যানার,চেয়ার পুড়ে গেছে।
বুধবার গভির রাতের কোনো এক সময় কল্যাণপুর মন্ডল পাড়ায় নির্বাচনী অফিসে আগুন লাগিয়ে দেয় দুর্বৃত্তরা । স্থানীয়রা পানি ঢেলে আগুন নিয়ন্ত্রনে আনে। নির্বাচনী অফিসে আগ্নীকান্ডের ঘটনায় ওই এলাকায় সাধারণ ভোটারদের মধ্যে আতংক বিরাজ করছে।
স্থানীয়রা জানায়, গভীর রাতে আগুন জ্বলতে দেখে স্থানীয়রা পানি ঢেলে আগুন নিয়ন্ত্রণ করে। তার আগেই নৌকার পোস্টার,ব্যানার ও বেশ কয়েকটি চেয়ার পুড়ে যায়।
নৌকা মনোনীত প্রার্থী আল মামুন বলেন, জনপ্রিয়তায় আমার বিজয় নিশ্চিত জেনে আমান নির্বাচনী কর্মিদের ভয়ভীতি দেখানোর জন্য আগুন দিয়েছে নির্বাচনী অফিসে। বিষয়টি প্রশাসনকে জানানো হয়েছে।
গাংনী থানার অফিসার ইনচার্জ(ওসি) বজলুর রহমান বলেন, এবিষয়ে তদন্ত করে ব্যাবস্থা নেয়া হবে।
উল্লেখ্যঃ সোমবার দিনগত রাতে সাহারবাটি ইউনিয়নের নৌকা মনোনীত প্রার্থী মশিউর রহমানের নির্বাচনী দুটি অফিসে অগ্নী সংযোগ করে দুর্র্বৃত্তরা। এঘটনায় গাংনী থানায় একটি সাধারণ ডায়েরী করেন মশিউর রহমান।

আলমডাঙ্গায় ১৩ টি ইউপি নির্বাচনের মনোনয়ন যাচাই

বাছাই চলছে

আলমডাঙ্গার ১৩ টি ইউপি নির্বাচনের মনোনয়ন পত্র যাচাই বাছাই চলছে। বৃহস্পতিবার (৪ নভেম্বর) সকাল থেকে চেয়ারম্যান, সংরক্ষিত ও মেম্বার প্রার্থীদের ধাপে ধাপে এ মনোনয়ন যাচাই বাছাই চলে।

সকাল ৯ টার দিকে চেয়ারম্যান, ১০ টায় সংরক্ষিত ও ১১ টায় মেম্বার প্রার্থীদের এ কার্যক্রম চলে।নির্বাচন অফিস সূত্র জানায়, এবারের নির্বাচনে চেয়ারম্যান ৬৩ জন, সংরক্ষিত ১৪২ জন ও মেম্বার ৪৪৮ জন অংশ গ্রহণ করছে। দুপুর পর্যন্ত ইউপি নির্বাচনের মনোনয়ন পত্র যাচাই বাছাই চলবে।

গাংনীতে কবরস্থানের প্রাচীরের সাথে ধাক্কা লেগে মোটরসাইকেল চালকের মৃত্যু

মেহেরপুরের গাংনীতে কবরস্থানের প্রাচীরের সাথে ধাক্কা লেগে রাকিবুল ইসলাম (২২) নামের এক মোটরসাইকেল চালক নিহত হয়েছেন।

বুধবার দিবাগত রাত ১১ টায় উপজেলার হিন্দা গ্রামে মর্মান্তিক এ ঘটনা ঘটে। রাকিবুল ইসলাম হিন্দা গ্রামের আব্দুল বারীর ছেলে। এ ঘটনায় প্রবাসী বয়েন উদ্দীনের ছেলে মোটরসাইকেল মালিক জনি আহত হয়েছে।

স্থানীয়রা জানায়, রাকিবুল ইসলাম মোটরসাইকেল চালিয়ে জনিকে সাথে নিয়ে হিন্দা পশ্চিমপাড়া থেকে কবরস্থানের পাশ দিয়ে পূর্বপাড়ার নিজ বাড়িতে যাচ্ছিলেন। পথিমধ্যে কবরস্থানের পাশে পৌছালে প্রচীরের সাথে ধাক্কা লেগে তারা দুজন গুরুত্বর আহত হয়। আহতদের উদ্ধার করে গাংনী হাসপাতালে নেয়া হলে কর্তব্যরত চিকিৎসক রাকিবুল ইসলামকে মৃত ঘোষনা করেন। এছাড়া আহতবস্থায় জনিকে প্রাথমিক চিকিৎসা দিয়ে বাড়িতে পাঠানো হয়। এ ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন ইউপি সদস্য

মো: জাকির হোসেন।

গাংনী থানার ওসি মো: বজলুর রহমান জানান, মোটরসাইকেল দুর্ঘটনায় মৃত্যু’র ঘটনায় একটি অপমৃত্যু’র মামলা হবে।

মুজিবনগরে নির্বাচনী আচরণবিধি এবং আইন আইনশৃঙ্খলা সংক্রান্ত মতবিনিময় সভা

১১ ই নভেম্বর মুজিবনগর উপজেলার ৪টি ইউনিয়নের আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচন উপলক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের সাথে আচরণ বিধি আইন-শৃঙ্খলা সংক্রান্ত মতবিনিময় করেছে জেলা ও উপজেলা প্রশাসন।

নির্বাচন উপলক্ষে বুধবার দুপুরে উপজেলা প্রশাসনের আয়োজনে মুজিবনগর উপজেলা অডিটরিয়ামে আচরণবিধি ও আইন-শৃঙ্খলা বিষয়ক মতবিনিময় সভার আয়োজন করা হয়। মতবিনিময় সভায় মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকারের সভাপতিত্বে ও সঞ্চালনায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা প্রশাসক ডা. মোহাম্মদ মনসুর আলম খান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা পুলিশ সুপার রাফিউল আলম, মেহেরপুর জেলা নির্বাচন অফিসার আবু আনছার। আরো উপস্থিত ছিলেন মুজিবনগর থানার অফিসার ইনচার্জ ওসি আব্দুর হাশেম, মুজিবনগর উপজেলা নির্বাচন অফিসার মেহেদী হাসান, উপজেলা কৃষি অফিসার ও দায়িত্বপ্রাপ্ত রিটার্নিং অফিসার আনিসুজ্জামান খান, উপজেলা ভাইস চেয়ারম্যান আলহাজ্ব রফিকুল ইসলাম মোল্লা, মহিলা ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন।

উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলার বাগোয়ান, মহাজনপুর, দারিয়াপুর, মোনাখালী, চারটি ইউনিয়নের নির্বাচনে অংশগ্রহণকারী ২০ জন চেয়ারম্যান পদপ্রার্থী ১৪৩ জন সাধারণ সদস্য পদপ্রার্থী এবং ৪২ জন সংরক্ষিত মহিলা সদস্য পদপ্রার্থীসহ উপজেলা আইন শৃংখলা বিষয়ক

কমিটির সদস্যবৃন্দ।

মতবিনিময় সভায় সাধারণ সদস্য, সংরক্ষিত মহিলা সদস্য এবং চেয়ারম্যান পদপ্রার্থীগন তাদের বিভিন্ন অভিযোগের বিষয়ে এবং নির্বাচন সুষ্ঠু করার জন্য প্রশাসনের প্রতি আহ্বান রেখে বক্তব্য প্রদান করেন।

তাদের বক্তব্য ও অভিযোগের প্রক্ষিতে, মেহেরপুর জেলা প্রশাসক ডা. মোহাম্মদ মনসুর আলম খান তার বক্তব্যে বলেন, মুজিবনগর উপজেলা একটি ঐতিহাসিক উপজেলা এই উপজেলার সাথে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নাম জড়িত আছে। এই উপজেলায় চারটি ইউনিয়নে নির্বাচন সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে হবে। এই নির্বাচন সুষ্ঠু ও শান্তিপূর্ণ করার জন্য তিনি সকল পদপ্রার্থীদের প্রতি সহযোগীতার আহ্বান জানান।

গাংনীতে নির্বাচনী কর্মীসভায় আগ্নেয়াস্ত্র বহনকারি হান্নানকে নিয়ে আলোচনা সমালোচনা

মেহেরপুরের গাংনী উপজেলার ১ নং কাথুলী ইউনিয়ন পরিষদ নির্বাচনে নৌকা প্রতীকের প্রার্থীর কর্মীসভায় আব্দুল হান্নান নামের এক ব্যাবসায়ী তার লাইসেন্সকৃত আগ্নেয়াস্ত্র নিয়ে কর্মি সভায় উপস্থিত থাকা নিয়ে এলাকাবাসীর মধ্যে চলছে নানা আলোচনা-সমালোচনা ও আতংক। তবে আগ্নেয়াস্ত্রের মালিক বিষয়টি না বুঝেই করেছেন বলে দাবী করেছেন। নির্বাচন অফিসার বলছে এটি সম্পুর্ণ নিষিদ্ধ।

বুধবার বিকাল ৫ টায় কুতুবপুর সরকারী প্রাথমিক বিদ্যালয় গাড়াবাড়িয়া প্রাঙ্গনে বাংলাদেশ আওয়ামী লীগ মনোনীত প্রার্থী মো গোলজার হোসেনের নির্বাচনী কর্মী সভা অনুষ্ঠিত হয়।

জেলা আওয়ামী লীগের সহ সভাপতি আব্দুল হালিমের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদ চেয়ারম্যান এমএ খালেক। এ সময় গাংনী উপজেলা যুবলীগের সভাপতি মোশারফ হোসেন গাংনী উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন, পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আনারুল ইসলাম বাবু, জেলা পরিষদ সদস্য মজিরুল ইসলাম, উপস্থিত ছিলেন।

নৌকার প্রার্থী গোলজার হোসেন এর নির্বাচনী কর্মী সভার মঞ্চে প্রধান অতিথির পাশেই আগ্নেয়াস্ত্র (শর্টগান) নিয়ে অতিথিদের সারিতে বসেছিলেন গাংনী মহিলা কলেজ পাড়ার ব্যবসায়ী আব্দুল হান্নান। নির্বাচনী কর্মী সভায় আগ্নেঅস্ত্র নিয়ে আসার বিষয়ে জানতে চাইলে আব্দুল হান্নান বলেন, আমি একজন ব্যবসায়ী। অস্ত্রটি আমার নামে লাইসেন্স করা। এখানে অস্ত্র নিয়ে আসলে কি সমস্যা হবে তা জানি না। আমি না বুঝেই করেছি। তবে আমার আগ্নেয়াস্ত্র আমার সাথেই ছিল। আমি অনুষ্ঠানে তাড়াহুড়া করে চলে আসতে হয়েছে তাই রেখে আসা সময় হয়নি। তাছাড়া আমি এসব নিয়মকানুন কিছুই জানিনা।

নির্বাচনী কর্মী সভার মঞ্চে আগ্নেয়াস্ত্র নিয়ে মঞ্চে থাকার বিষয়ে জানতে চাইলে জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এমএ খালেক বলেন, অস্ত্র প্রদর্শন করেছে এমন তথ্য আমার জানা নেই। এই নির্বাচনে বৈধ আর্মস বা লাইসেন্সধারীদের অস্ত্র কালেকশন করেনি। কোন ভিআইপিরা তাদের নিরাপত্তার স্বার্থে বৈধ আর্মস বহন করার এখতিয়ার আছে।

উপজেলা নির্বাচন অফিসার ও সংশ্লিষ্ট নির্বাচনী এলাকার রিটার্নিং অফিসার আব্দুল আজিজ বলেন, কোন প্রকার আগ্নেয়াস্ত্র প্রদর্শন সম্পুর্ণ নিষিদ্ধ। আগ্নেয়াস্ত্র প্রদর্শন করলে স্থানীয় পুলিশ প্রশাসন তার বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহন করবে।

গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) বজলুর রহমান বলেন, বিষয়টি আমরা জানতে পেরেছি। আইনানুগ ব্যাবস্থা গ্রহন করা হবে।

গাংনী কাথুলী ইউনিয়নে নৌকার প্রার্থী গোলজার হোসেনের কর্মী সভা অনুষ্ঠিত

মেহেরপুরের গাংনী উপজেলার ০১ নং কাথুলী ইউনিয়নে বাংলাদেশ আওয়ামী লীগ মনোনীত নৌকার প্রার্থী গোলজার হোসেনের নির্বাচন উপলক্ষে কাথুলী ইউনিয়ন আওয়ামী লীগের কর্মী সভা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার বিকাল ৩ টায় কাথুলী ইউনিয়নের কুতুবপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় গাড়াবাড়িয়া প্রাঙ্গনে জেলা আওয়ামী সহ সভাপতি আব্দুল হালিম বিশ্বাসের সভাপতিত্বে কর্মীসভা সভা অনুষ্ঠিত হয়।

সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্যে রাখেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা চেয়ারম্যান এম এ খালেক। সভায় গাংনী উপজেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক মনিরুজ্জামানের সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন, জেলা আওয়ামী লীগের কৃষি বিষয়ক সম্পাদক ফজল উদ্দীন, জেলা পরিষদ সদস্য মজিরুল ইসলাম, গাংনী পৌর আওয়ামী লীগের সভাপতি ছানোয়ার হোসেন বাবলু, সাধারণ সম্পাদক আনারুল ইসলাম বাবু, উপজেলা যুবলীগের সভাপতি মোশারফ হোসেন, সাধারণ সম্পাদক শফি কামাল পলাশ।সহ আওয়ামী লীগের অঙ্গ সংগঠনের নেতা-কর্মীরা উপস্থিত ছিলেন।

সভায় বক্তারা দেশে উন্নয়নের ধারা অব্যহত রাখতে ইউপি নির্বাচনে নৌকা প্রতীকের বিজয়লাভ করতে সবাইকে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান।

মেহেরপুরে স্মার্টমেক এর রোড

শো অনুষ্ঠিত

‘কৃষি মেশিন ব্যবহার করি, সময় অর্থ দুই-ই বাঁচায়’ এই শ্লোগানে মেহেরপুরে সকল প্রকার কৃষি মেশিনের প্রচারণায় রোড শো অনুষ্ঠিত হয়েছে। বুধবার সকালে স্মার্টমেক লিমিটেডের আয়োজনে রোড শো’র আয়োজন করা হয়।

এসময় স্মার্টমেক লিমিটেডের পরিচালক জেরিমি ডেভিস, কৃষি সম্প্রসারণ অফিসার জাহিদুল ইসলাম, দিপক কুমার, স্মার্টমেক লিমিটেডের ফিল্ড ম্যানাজার মুন্নি জাহানসহ অন্যান্য কর্মকর্তা- কর্মচারীরা উপস্থিত ছিলেন।

পরে জেরিমি ডেভিস এর নেতৃত্বে রোড শো’টি সদর উপজেলা পরিষদ থেকে শুরু করে উপজেলার বিভিন্ন এলাকা প্রদর্শন করে। এসময় স্মার্টমেক এর কার্যক্রম ও কৃষি মেশিনের সহায়তা সম্পর্কে চাষীদের সাথে আলোচনা করা হয়।

স্মার্টমেক মূলত চাষীদের কৃষি মেশিনের সহায়তা প্রদানের একটি প্রতিষ্ঠান। স্মার্টমেক লিমিটেড কম্বাইন্ড হারভেষ্টার, পাওয়ার টিলার, রাইস ট্রান্সপ্লান্টার, ফোর হুইল ট্রাক্টরসহ সকল মেশিনের যাবতীয় যন্ত্রাংশ বিক্রয় সার্ভিসিং দিয়ে থাকে।

হরিণাকুণ্ডুতে আওয়ামী লীগের উদ্দ্যোগে জেল হত্যা দিবস পালিত

গতকাল বুধবার সকাল ১১টায় বাংলাদেশ আওয়ামী লীগ, হরিণাকুণ্ডু উপজেলা শাখার উদ্যোগে দলীয় কার্যালয়ে ৩ রা নভেম্বর “জেল হত্যা দিবস” এ জাতীয় চার নেতা স্মরণে আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠিত হয়।

উপজেলা আওয়ামীলীগের সহ সভাপতি জনাব আজগর আলী মাষ্টারের সভাপতিত্বে এবং উপজেলা আওয়ামীলীগের বিপ্লবী সাধারন সম্পাদক জনাব

রবিউল ইসলামের পরিচালনায় অনুষ্ঠিত স্মরণ সভায় বক্তব্য রাখেন উপজেলা আওয়ামী লীগের সিনিয়র সহ-সভাপতি জনাব সাজেদুল ইসলাম টানু মল্লিক, উপজেলা আওয়ামী লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক অধ্যক্ষ শরিফুল ইসলাম,উপজেলা ছাত্রলীগের সাবেক সভাপতি আওয়ামী লীগ নেতা জনাব আমিরুজ্জামান পলাশ,উপজেলা যুবলীগের আহবায়ক জনাব আশরাফুল হক জুয়েল, উপজেলা কৃষকলীগের আহবায়ক জনাব আব্দুল্লাহ হিল বাকী শিলু, মাননীয় জাতীয় সংসদ সদস্যের বিশেষ সহকারী জেলা যুবলীগ নেতা জনাব কামাল হোসেন,উপজেলা ছাত্রলীগের সাবেক সভাপতি জনাব রফিকুল ইসলাম,উপজেলা ছাত্রলীগের সাবেক সভাপতি জনাব রাজু আহমেদ এবং হরিণাকুণ্ডু উপজেলা ছাত্রলীগের আহবায়ক জনাব রিগ্যান আলী প্রমুখ। স্মরণ সভা শেষে কারাগারের অভ্যন্তরে নিহত জাতীয় চার নেতার রুহের মাগফেরাত কামনা করে বিশেষ দোয়া অনুষ্ঠিত হয়।

এর পূর্বে আজ সুর্যোদয়ের পর পরই দলীয় কার্যালয়ে জাতীয় পতাকা উত্তোলন, দলীয় পতাকা অর্ধনমিত, এবং কালো পতাকা উত্তোলন করা হয়।

ঝিনাইদহ জেল হত্যা দিবস পালন

গতকাল বুধবার, ৩ নভেম্বর। ৪৬ বছর আগের কালো ছায়াঘেরা সেই দিনে জাতি হারিয়েছিল চার সোনালি সন্তানকে। চার জাতীয় নেতা সৈয়দ নজরুল ইসলাম, তাজউদ্দীন আহমদ, এ এইচ এম কামারুজ্জামান ও ক্যাপ্টেন মনসুর আলী- ঢাকা কেন্দ্রীয় কারাগারের অন্ধকার প্রকোষ্ঠে নির্মম হত্যার শিকার হন তারা।
গুলির পরও বেঁচে ছিলেন জাতীয় চার নেতার একজন, এম মনসুর আলী। কিন্তু গোঙানির শব্দ শুনে কারারক্ষী মোতালেব দৌড়ে গিয়ে জেলগেটে ঘাতকদের খবর দেয়। আবার ফিরে এসে বেয়োনেট দিয়ে খুঁচিয়ে খুঁচিয়ে জাতীয় চার নেতার মৃত্যু নিশ্চিত করা হয়। রাষ্ট্রপতি খোন্দকার মোশতাকের নির্দেশে ফজরের আগে ১০ মিনিটেই কিলিং মিশন শেষ করে ঘাতকরা।
৩ নভেম্বর জেল হত্যা দিবস উপলক্ষে ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের উদ্যোগে সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলন, দলীয় পতাকা অর্ধনমিতকরন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের

প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ ও বঙ্গবন্ধুর ঘনিষ্ঠ সহচর মহান মুক্তিযুদ্ধের সংগঠক জাতীয় চার নেতার প্রতি গভীর শ্রদ্ধাঞ্জলি নিবেদন করা হয়।
এ সময় উপস্থিত ছিলেন ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সভাপতি আব্দুল হাই এমপি, জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এবং পৌর মেয়র সাইদুল করিম মিন্টু পৌর আওয়ামীলীগের সাধারন সম্পাদক নজরুল বিশ্বাস, জেলা যুবলীগের যুগ্ন আহবায়ক শফিকুল ইসলাম শিমুল সহ আওয়ামীলীগের নেতৃবৃন্দ।